

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট  
পদ্মা লাইফ টাওয়ার (১৪তলা)  
১১৫-কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪১.০৫.০০০০.০০০.১২.০০৫.১৭-৬৩৫

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯  
৩০ মে ২০২২

**বিষয়: ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত।**


সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.২১.১১ তারিখ ২৬ মে ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, মন্ত্রীপরিষদ বিভাগ হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদনের ৫৯১-৫৯২ পৃষ্ঠায় উল্লিখিত সুপারিশসমূহের মধ্যে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট সংশ্লিষ্ট বাস্তবায়ন অগ্রগতি সুপারিশসমূহের ক্রমিক নম্বর অনুযায়ী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

সুপারিশের ক্রমিক নং	গৃহীত কার্যক্রম
১)	মন্ত্রিসভা বৈঠক এবং মন্ত্রি সভা কমিটির বিভিন্ন সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিশেষ গুরুত্ব সহকারে বাস্তবায়ন করা হয়।
৩)	করোনাকালীন এনডিডি শিক্ষার্থীদের শিক্ষাব্যবস্থায় ক্ষতি হ্রাসকল্পে অনলাইন প্লাটফর্মে মতবিনিময় সভা করা হয়। বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম ও এনডিডি শিশুদের মাতা-পিতা/অভিভাবকদের অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।
৬)	এনডিডি সুরক্ষা ট্রাস্টের অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।
৭)	এলডিসি হতে উত্তরণ পরবর্তী সময়ে এনডিডি ব্যক্তিদের চ্যালেঞ্জসমূহ বিবেচনায় নিয়ে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক এনডিডি শিশু ও ব্যক্তিদের জীবনমান উন্নয়নে বিভিন্ন প্রকল্প নেয়া হয়েছে।
৮)	এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে ডিপিপি প্রস্তুতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয় এবং প্রযোজ্য ক্ষেত্রে সকল বিধিবিধান অনুসরণপূর্বক প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করে প্রকল্প গ্রহণ করা হয়।
১০)	জাতীয় শুদ্ধাচার কৌশল, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন প্রভৃতি কর্ম-পরিকল্পনা প্রণয়ন কর হয়। এসকল কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে এনডিডি সুরক্ষা ট্রাস্ট সচেষ্ট রয়েছে।
১১)	এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক এনডিডি ব্যক্তিদের এককালীন চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। তাছাড়া বঙ্গবন্ধু সুরক্ষা বীমা নামে একটি স্বাস্থ্য বীমা কর্মসূচি পরীক্ষামূলকভাবে জুন ২০২২ হতে চালু করা হয়েছে।
১২)	করোনা কালীন স্বাস্থ্য বিধি যথাযথভাবে পরিপালন করা হয়।

২

১৭)	নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়। পরবর্তীতে চাকুরি হতে অব্যাহতি নেয়ায় ২টি পদ শূন্য হওয়ায় তা পূরণের লক্ষ্যে ইতোমধ্যে আবেদন চেয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।
-----	---



(ড. মোঃ আনোয়ার উল্লাহ এফসিএমএ)

ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

ফোনঃ ০২-৪৮৩২২৬৭৪

ই-মেইলঃ [nddptrust@gmail.com](mailto:nddptrust@gmail.com)

সচিব

সমাজকল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব (গবেষণা, প্রকাশনা ও মূল্যায়ন)

অনুলিপি (জ্ঞাতার্থে)

১। উপসচিব (এনডিডি ও অটিজম শাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।